

জেলা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতকে ভর্তির আবেদনের সময়সীমা বাড়ল

প্রতিনিধি কুমিল্লা

প্রকাশ: ২২ ফেব্রুয়ারি ২০২৫, ২২: ৩০



কুমিল্লা বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা। এ ছাড়া আবেদনের ফি পরিশোধ করা যাবে ২ মার্চ পর্যন্ত।

আজ শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। আগের বিজ্ঞপ্তি অনুযায়ী আজ আবেদনের সময়সীমা ছিল।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ এমদাদুল হক স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১৯ ফেব্রুয়ারি উপাচার্য মো. হায়দার আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা কেন্দ্রীয় কমিটির ৫ম সভায় নতুন

সিদ্ধান্ত হয়, ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন এবং আবেদনের পেমেন্ট করা যাবে আগামী ২ মার্চ পর্যন্ত।
কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২ ফেব্রুয়ারি থেকে ভর্তির আবেদন শুরু হয়েছে। বর্ধিত সময়সীমা অনুযায়ী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত (দিন-রাত যেকোনো সময়, এমনকি বন্ধের দিনেও আবেদন করতে পারবেন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা।
আবেদনের যাবতীয় নিয়মাবলি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া রয়েছে। আগামী ১৯ এপ্রিল সি-ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১০টায়, এ-ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা তিনটায় এবং ২৫ এপ্রিল বিকেল চারটায় বি-ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এর আগে ১০ ফেব্রুয়ারি রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, এ বছর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় জিপিএর ওপর ৩০ নম্বর কমিয়ে ১২০ নম্বরের ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধাতালিকা তৈরি করা হবে। এ ক্ষেত্রে পরীক্ষা হবে ১০০ নম্বরের এবং বাকি ২০ নম্বর থাকবে এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর।

